

বাংলাদেশ ব্যাংক হতে ক্রয়কৃত সঞ্চয়পত্রের মূল/আসল ও মুনাফা(মেয়াদপূর্তিতে) **Electronic Fund Transfer(EFT)**-এর মাধ্যমে গ্রাহকের ব্যাংক হিসাবে সরাসরি প্রদান করা হচ্ছে।

এ সুবিধা গ্রহণের জন্য গ্রাহকদের নিম্নোক্ত কার্যক্রম সম্পাদন করতে হবে :

- সঞ্চয়পত্র ক্রয়কালে Mandate Form(০২ কপি) পূরণপূর্বক গ্রাহকের MICR(On-Line) চেকের পাতার ফটোকপিসহ ক্রয় ফরমের সাথে জমা দিতে হবে।
- ইতোপূর্বে ক্রয়কৃত সঞ্চয়পত্রের গ্রাহকগণও তাদের সঞ্চয়পত্রের বিপরীতে Mandate প্রদান করে এ সুবিধা গ্রহণ করতে পারবেন। সেক্ষেত্রে Mandate Form(০২ কপি) ও ব্যাংক হিসাবের MICR(On-Line) চেকের পাতার ফটোকপিসহ মেয়াদপূর্ণ সকল মুনাফা কিস্তির অর্থ কাউন্টার হতে গ্রহণপূর্বক সঞ্চয়পত্র স্ক্রীপ্ট অত্র অফিসে জমা প্রদান করতে হবে।

প্রাপ্য সুবিধা :

- Mandate প্রদান করা হলে সরবাহকৃত মোবাইল নম্বর ও ই-মেইল আই.ডি-তে Confirmation SMS ও মেইল প্রেরণ করা হবে।
- কিস্তি ভিত্তিক সঞ্চয়পত্র(পরিবার/তিন মাস অন্তর মুনাফা ভিত্তিক/পেনশনার)-এর ক্ষেত্রে প্রতি মাস/০৩ মাস অন্তর ও মেয়াদপূর্তিতে মূল অর্থ Mandate-এ উল্লিখিত গ্রাহকের ব্যাংক হিসাবে জমা করা হবে।
- কিস্তি/মূল অর্থ প্রদান সংক্রান্ত Confirmation SMS ও মেইল Mandate-এ উল্লিখিত মোবাইল নম্বর ও ই-মেইল আই.ডি-তে প্রেরণ করা হবে।
- এ কার্যক্রমের আওতায় গ্রাহকের নিকট হতে কোন প্রকার সার্ভিস চার্জ কর্তন করা হবে না। জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক নির্ধারিত হারেই প্রাপ্য মুনাফা গ্রাহকের ব্যাংক হিসাবে জমা করা হবে।

এ সংক্রান্ত তথ্য ও জিজ্ঞাস্য বিষয়ে প্রধান ভবনের Help Desk-এ যোগাযোগ করার জন্য সম্মানিত গ্রাহকগণকে পরামর্শ প্রদান করা যাচ্ছে।

সঞ্চয়পত্রের মুনাফা/আসল-এর অর্থ **Electronic Fund Transfer(EFT)**-এর মাধ্যমে গ্রাহকের ব্যাংক হিসাবে জমাকরণের সুবিধা :-

- প্রচলিত নিয়মে গ্রাহক কর্তৃক ব্যাংকে স্বশরীরে এসে সঞ্চয়পত্রের মুনাফা ও আসল টাকা উত্তোলনে অপচয় হয় মূল্যবান সময় ও শ্রম, নিরাপত্তা ঝুঁকির সম্ভবনাও থাকে। EFT প্রক্রিয়ায় গ্রাহককে সঞ্চয়পত্র ক্রয়ের জন্য একবার ব্যাংকে আসতে হলেও মেয়াদপূর্তি পর্যন্ত প্রাপ্য অর্থ গ্রহণে আসার আর প্রয়োজন হবে না - সকল প্রাপ্য অর্থ গ্রাহকের ব্যাংক হিসাবে নির্দিষ্ট নিয়মে জমা হবে। পান্থবর্তী এটিএম বুথ থেকে উত্তোলন করা যাবে সে অর্থ।
- সঞ্চয়পত্র ক্রয়ের ক্ষেত্রেও গ্রাহক পাবেন ক্ষুদ্র মোবাইল বার্তা(SMS) ও ই-মেইল।
- মেয়াদপূর্তিতে মাসিক, ত্রৈমাসিক ও অন্যান্য মেয়াদী সঞ্চয়পত্রের মুনাফা ও মূল অর্থ ব্যাংক হিসাবে জমাকরণের পাশাপাশি এ সংক্রান্ত ক্ষুদ্র মোবাইল বার্তা ও ই-মেইল গ্রাহককে প্রেরণ করা হয়।
- এই স্বয়ংক্রিয় লেনদেন প্রক্রিয়ার ফলে সঞ্চয়পত্র গ্রাহক নয় বরং বাংলাদেশ ব্যাংক সংরক্ষণ করছে বিধায় সেগুলো হারানো/ধ্বংস/বিনষ্ট হবার সম্ভবনা নেই।

সঞ্চয়পত্র সেবার আধুনিকায়ন ও স্বয়ংক্রিয় ব্যবস্থা চালু করার মাধ্যমে বাংলাদেশ সরকারের রূপকল্প ২০২১ এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক-এর পক্ষ হতে সকল প্রকার সহযোগিতা প্রদানে এর কর্মকর্তা/কর্মচারীগণ সদা সচেষ্ট।